# নোটিশ

যুব উন্নয়ন অধিদপ্তর পবা উপজেলা কার্যালয়ের মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরে ৭-২১ দিন মেয়াদি বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের দরখস্ত আহবান যাচ্ছে । পবা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক ও যুব নারীগণ প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন । নুন্যতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাশ । যোগাযোগের ঠিকানা ঃ যুব উন্নয়ন অধিদপ্তর,পবা,রাজশাহী ।

Website-uydodydpabaraj@gmail.com

টেলিফোন নম্বর ঃ ০২৫৮৮৮৭৯১৮৪

মোবাইল নম্বর ঃ ০১৭০৯৩৩০৯০৬

অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কর্মসুচির আওতাভুক্ত কোর্সসমূহ

০১। পারিবারিক হাঁস-মুরগি পালন
০২। ব্রয়লার ও ককরেল পালন
০৩। বাড়ন্ত মুরগি পালন
০৪। ছাগল পালন
০৫। গরু মোটাতাজাকরন
০৬। পারিবারিক গাভি পালন
০৭। পশু-পাখির খাদ্য প্রস্তুত ও বাজারজাতকরন
০৮। পশু-পাখির রোগ ও তার প্রতিরোধ
০৯। কবুতর পালন
১০। চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরন
১১। মৎস্য চাষ
১২। সমন্বিত মৎস্য চাষ
১৩। মৌসুমী মৎস্য চাষ
১৪। মৎস্য পোনা চাষ (ধানী পোনা)
১৫। মৎস্য হ্যাচারী
১৬। প্লাবন ভূমিতে মৎস্য চাষ
১৭। গলদা ও বাগদা চিংড়ি চাষ
১৮। শুটকি তৈরি ও সংরক্ষণ
১৯। বসতবাড়িতে সবজি চাষ
২০। নার্সারি
২১। ফুল চাষ
২২। ফলের চাষ (লেবু,কলা,পেঁপে ইত্যাদি)
২৩। ভার্মি কম্পোস্ট কেঁচো সার তৈরী

২৪। গাছের কলম তৈরী
২৫। ঔষধি গাছের চাষাবাদ
২৬। ব্লক প্রিন্ট্রিং
২৭। বাটিক প্রিন্ট্রিং
২৮। পোষাক তৈরি
২৯। স্ক্রিন প্রিন্ট্রিং
৩০। স্প্রে প্রিন্ট্রিং
৩১। মনিপুরী তাঁত শিল্প
৩২। কাগজের ব্যাগ ও ঠোঙ্গা তৈরি
৩৩। বাঁশ ও বেতের সামগ্রি তৈরি
৩৪। নকশি কাঁথা তৈরি
৩৫। কারু মোম তৈরি
৩৬। পাটজাত পণ্য তৈরি
৩৭। চামড়াজাত পণ্য তৈরি
৩৮। চাইনিজ ও কনফেকশনারী
৩৯। রিক্সা,সাইকেল,ভ্যান মেরামত
৪০। ওয়েল্ডিং
৪১। ফটোগ্রাফি ও
৪২। সোলার প্যানেল স্থাপন

এ ছাড়া স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন প্রশিক্ষণ

জেলা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত ট্রেড সমূহ

০১। মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)
০২। পোশাক তৈরী (অনাবাসিক)
০৩। গবাদী পশু,হাঁস-মুরগী পালন,প্রাথমিক চিকিৎসা মৎস্য চাষ ও কৃষি বিয়ষক (আবাসিক)
(যুব প্রশিক্ষণ কেন্দ্র,রাজবাড়ীহাট,রাজশাহী)
০৪। কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)
০৫। রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)
০৬। ইলেকট্রনিক্স (অনাবাসিক)
০৭। ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং (অনাবাসিক)
০৮। মৎস্য চাষ প্রশিক্ষণ (অনাবাসিক)
০৯। প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন
১০। ফ্রিল্যান্সিং/আউট সোর্সিং (অনাবাসিক)
১১। ব্লক বাটিক ও স্ক্রীন প্রিন্ট্রিং
১২। ডাটাবেজ ম্যানেজমেন্ট এন্ড নেটওয়ার্কিং
১৩। ড্রাইভিং প্রশিক্ষণ

উপরোক্ত কোর্স সমূহে প্রশিক্ষণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর পবা উপজেলা কার্যালয়ে অথবা সরাসরি উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,ষষ্ঠীতলা,রাজশাহীতে যোগাযোগ করা যেতে পারে ।

শেখ হাসিনা যুব উন্নয়ন ইন্সটিটিউট এর মাধ্যমে পরিচালিত কোর্সসমূহ ঃ

1. Food and deverage production- 3 months – SSC
2. Graphics design and multimedia-2 months – HSC
3. Digital marketing -2 months – SSC
4. Website design and web aplication development and outsurcing technique
5. 1 month – HSC
6. Reception & customer service 15 days HSC
7. Smell business & enterepreneurship development-15 days HSC
8. Serch engine operation - 1 month – HSC
9. Data entry- 1 month – HSC
10. Bakery & pastry production-3 months HSC

Diploma কোর্স সমূহ

1.Diploma in ict - 6 months HSC

2.web aplication & development- 6 months HSC

3.Tourism & Hospitality managment - 6 months HSC

উল্লিখিত কোর্স সমূহে আবেদনের নিয়মাবলী যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট-www.dyd.gov.bd এ পাওয়া যাবে ।

## যুব উন্নয়ন অধিদপ্তরের মাইক্রোফাইনান্স কার্যক্রম (ঋণ প্রদানে সেবা সমূহ)

| | |
|---|---|
| অত্র উপজেলায় যুবদের সার্বিক কল্যাণে যুব উন্নয়ন অধিদপ্তর প্রশিক্ষিত যুবদের আয় সঞ্চারণমূলক কর্মকান্ড/আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে মাইক্রোফাইনান্স কর্মসূচি বাস্তবায়ন করছে। প্রশিক্ষিত যুবরা ঋণ সহায়তা পেয়ে আর্থসামাজিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখছে। প্রশিক্ষিত যুবদের ব্যাপকভাবে উৎপাদনমুখী কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর দেশব্যাপী ০২(দু) ধরনের মাইক্রোফাইনান্স কর্মসূচি পরিচালনা করছে। যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ তহবিলের স্বল্পতার কারণে এ সকল কর্মসূচির মাধ্যমে প্রশিক্ষিত যুবদের মাত্র শতকরা ১০ হতে ১২ ভাগকে ঋণ সহায়তা প্রদানের আওতায় আনা সম্ভব হয়। | |
| | ক. আত্মকর্মসংস্থান সৃজনের জন্য ব্যক্তিভিত্তিক মাইক্রোফাইনান্স কর্মসূচি। |
| | খ. যুব উদ্যোক্তা মাইক্রোফাইনান্স কর্মসূচি । |
| ক. | আত্মকর্মসংস্থান/ব্যক্তিকেন্দ্রিক মাইক্রোফাইনান্স কর্মসূচিঃ |
| | যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের জন্য দেশের সকল উপজেলায় এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। |
| ক.১ | সেবা প্রাপ্তির শর্তাবলীঃ |
| ক.১.১ | যুব উন্নয়ন অধিদপ্তর হতে স্বল্প/দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত যুব; |
| ক.১.২ | প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ে পরীক্ষমূলক প্রকল্প (পাইলট) শুরু করতে হবে; |
| ক.১.৩ | আবেদনকারীর পক্ষে প্রকল্প তদারকি ও ঋণ ফেরতের অংগীকার প্রদানে সক্ষম এমন একজন নিশ্চয়তাকারীর প্রয়োজন হবে, যিনি ৩০০/- ননজুডিশিয়াল স্ট্যাম্পে অংগীকার প্রদান করবেন। |

| | |
|---|---|
| ক.১.৪ | নিশ্চয়তাকারী যে পরিমাণ টাকার জন্য নিশ্চয়তা প্রদান করবেন তাকে ন্যুনপক্ষে তার দ্বিগুণ পরিমাণ মূল্যের স্থাবর সম্পদের দলিল, পর্চা ও দাখিলা জমা দিতে হবে (বন্ধক হিসেবে নয়)। |
| ক.১.৫ | নিশ্চয়তাকারী না পাওয়া গেলে সরকারী, আধাসরকারি, বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণও নিশ্চয়তাকারী হতে পারবেন। |
| ক.১.৬ | প্রশিক্ষণ গ্রহণের পর সর্বোচ্চ ৩ বছর পর্যন্ত ঋণ সুবিধা গ্রহণের সুযোগ থাকবে। |
| ক.২ | <u>সেবা প্রাপ্তির পদ্ধতিঃ</u> |
| ক.২.১ | একজন যুব যিনি উপরের শর্তাবলী পূরণে সক্ষম তিনি নিজ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অর্থাৎ পবা উপজেলা কর্মকর্তা বরাবরে ঋণ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন জমা দেবেন। ঋণ প্রত্যাশীগণ যুব উন্নয়ন অধিদপ্তরের website (www.dyd.gov.bd) এর ঋণ কার্যক্রম সেবাবক্সে “ঋণের আবেদন ঘরে” ক্লিক করে অনলাইনে আবেদন জমা করতে পারবেন। |
| ক.২.২ | আবেদন জমার ১৫ দিনের মধ্যে আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিস হতে তার আবেদনের ফলাফল অবহিত করা হবে। |
| ক.২.৩ | তিনি যোগ্য বিবেচিত হলে নগদ ২০/- টাকার বিনিময়ে মূল আবেদনপত্র সংগ্রহ করতে বলা হবে। |
| ক.২.৪ | ঋণ প্রত্যাশীকে আবেদনপত্রের তথ্যাদি যথাযথভাবে পূরণ এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা যুব উন্নয়ন অফিসে জমা প্রদান করতে হবে। |
| ক.৩ | <u>ঋণের পরিমাণ, পরিশোধের মেয়াদ, গ্রেসপিরিয়ড, দফা এবং পরিশোধ পদ্ধতিঃ</u> |
| ক.৩.১ | অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত একজন যুব তার প্রকল্পের বিনিয়োগ নির্বিশেষে প্রাথমিকভাবে সর্বোচ্চ ৬০,০০০/- টাকা, দ্বিতীয় মেয়াদে ৮০,০০০/- এবং তৃতীয় মেয়াদে ১,০০,০০০/- টাকা ঋণ পেতে পারেন। |
| ক.৩.২ | অধিদপ্তরের উপজেলা পর্যায় হতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত একজন যুব তার প্রকল্পের বিনিয়োগ নির্বিশেষে প্রাথমিকভাবে সর্বোচ্চ ৪০,০০০/- টাকা, দ্বিতীয় মেয়াদে ৫০,০০০/- এবং তৃতীয় মেয়াদে ৬০,০০০/- টাকা ঋণ পেতে পারেন। |
| ক.৩.৩ | ঋণের পরিমাণের ভিত্তিতে প্রকল্পের মেয়াদ দুই হতে তিন বছর পর্যন্ত হবে অর্থাৎ ২৪/৩০/৩৬ টি মাসিক কিস্তিতে সার্ভিসচার্জসহ ঋণ পরিশোধ করতে হয়। |
| ক.৩.৪ | গৃহীত ঋণ সঠিক ও সুষ্ঠু ব্যবহার অর্থাৎ যথাযথভাবে প্রকল্পে বিনিয়োগ এবং প্রকল্প লাভজনকভাবে পরিচালনার শর্তে ২য় বা ৩য় বার ঋণ গ্রহণের সুযোগ পাবে। |
| ক.৩.৫ | নির্ধারিত কমিটি কর্তৃক মঞ্জুরীকৃত ঋণের অর্থ ক্রসচেকের মাধ্যমে বিতরণ করা হয় বিধায় ঋণ প্রত্যাশীর নামে একটি ব্যাংক হিসাব থাকতে হবে। |
| ক.৩.৬ | ঋণ হিসাবে বিনিয়োগকৃত অর্থ উৎপাদনে আসার লক্ষ্যে ১-৩ মাস পর্যন্ত গ্রেসপিরিয়ড দেওয়া হয় যা ঋণ মঞ্জুরী কমিটি কর্তৃক অনুমোদন করে। এসময়ে ঋণের কিস্তি ও সার্ভিসচার্জ আদায় করা হয় না। |
| ক.৪ | <u>ব্যক্তিগত সঞ্চয়ঃ</u><br>মাইক্রোসেভিংসকে উৎসাহিত করার মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে মঞ্জুরীকৃত ঋণের ৫% ব্যক্তিগত সঞ্চয় এবং প্রতি কিস্তির সাথে মাসিক ৫০/- হারে সঞ্চয় জমা করতে হয়। জমাকৃত অর্থ প্রকল্প মেয়াদান্তে ফেরত প্রদান করা হয়। |
| ক.৫ | <u>সার্ভিসচার্জঃ</u><br>প্রদত্ত ঋণের উপর ৫% হারে ক্রমহ্রাসমান পদ্ধতিতে সার্ভিসচার্জ আদায় করা হয়। উদাহারণস্বরুপ বলা যায় ৫০০০০/- টাকার একজন ঋণ গ্রহণকারীকে ৫% হারে নির্ধারিত মেয়াদে (২ বছর) আসলের অতিরিক্ত ২৪১৬/- টাকা সার্ভিসচার্জ পরিশোধ করতে হয়। |
| ক.৬ | <u>রেকর্ড সংরক্ষণঃ</u><br>প্রত্যেক ঋণ গৃহীতাকে ১টি পাশ বই প্রদান করা হয়। পাশবইতে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ, সঞ্চয়ের পরিমাণ এবং পরিশোধিত ঋণ ও সার্ভিসচার্জের পরিমাণ,আদায়ের তারিখ সংশ্লিষ্ট কর্মকর্তা(সহকারি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা) লিপিবদ্ধ করে তাকে ফেরত প্রদান করবে। পাশবইটি ঋণীর ব্যক্তিগত সম্পদ। কোনভাবেই সরকারী আদেশ ব্যতীরেকে পাশবই কারো কাছে হস্তান্তর করা যাবে না। |
| গ. | <u>যুব উদ্যোক্তা ঋণ বিতরণ কর্মসূচিঃ</u><br>যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ঋণ কর্মসূচির মাধ্যমে একজন প্রশিক্ষিত যুবকে প্রকল্প গ্রহণের জন্য সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা প্রাথমিক পুঁজি সরবরাহ করা হয়। মুজিব শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ নিয়ে যারা সফল আত্মকর্মী হিসেবে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পেরেছে তাদেরকে উদ্যোক্তায় পরিণত করার লক্ষ্যে “যুব উদোক্তা ঋণ বিতরণ কর্মসূচি“ গ্রহণ করা হয়েছে। প্রাথমিকভাবে দেশের ৮টি বিভাগীয় জেলায় ১০ জানুয়ারি ২০২১ তারিখে এ কার্যক্রম চালু করা হয়। এর সফলতার ভিত্তিতে এ কার্যক্রম পর্যায়ক্রমে সারা দেশে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হবে। |

| | |
|---|---|
| | যুব উদ্যোক্তা ঋণ কর্মসূচির কর্মসূচির আওতায় এক সফল আত্মকর্মীকে উদ্যোক্তায় উন্নীত করার লক্ষ্যে তার প্রকল্প সম্প্রসারণের জন্য জামানত বিহীন সহজ শর্তে সর্বোচ্চ ৩.৫০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হবে। ঋণের পরিমাণ ভেদে ৩৬-৪৮ টি মাসিক কিস্তিতে ঋণ পরিশোধ করা যাবে। এ ঋণের সার্ভিস চার্জ ৫%। |
| ঘ. | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রাঃ<br>২০২৩-২৪ অর্থবছরে ৯০ জন যুবর মাঝে ৪৯ লক্ষ ৫০ হাজার টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। |

যুব সংগঠন রেজিষ্ট্রেশন ঃ যুবদের উন্নয়ন মূলক কর্মকান্ডের নিয়োজিত যুব সংগঠন সমূহকে সরকারী নীতিমালার আলোকে নিবন্ধন প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে ।